

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (২১১) চার খলীফার খেলাফতের দলীল কী?

উত্তরঃ যে সমস্ত দলীল দ্বারা চার খলীফার খেলাফত প্রমাণিত, তা গণনা করে শেষ করা যাবে না।

- (১) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খেলাফতে নবুওয়াতকে ত্রিশ বছরের মধ্যে সীমিত করেছেন। আর তা ত্রিশ বছর পর্যন্তই বহাল ছিল।
- (২) ইতিপূর্বে আমরা অন্যান্য সাহাবীর উপর চার খলীফার ফজীলত বর্ণনা করেছি। তাদের খেলাফতের ধারাবাহিকতা অনুসারেই ধারাবাহিকভাবে তাদের ফজীলত বর্ণিত হয়েছে।
- (৩) আবু দাউদ ও অন্যান্য হাদীছ গ্রন্থে সামুরা বিন জুন্দুব (রাঃ) হতে বর্ণিত হয়েছে যে, জনৈক ব্যক্তি বললঃ হে আল্লাহর রাসূল! আমি স্বপ্নে দেখলাম যে, আকাশ থেকে একটি বালতি নামানো হয়েছে। আবু বকর (রাঃ) এসে সেই বালতির কিনারায় ধরে তা হতে সামান্য পানি পান করলেন। তারপর উমার (রাঃ) এসে সেই বালতির কিনারায় ধরে তা হতে তৃপ্তি সহকারে পানি পান করলেন। তারপর উছমান (রাঃ) এসে সেই বালতির কিনারায় ধরে তৃপ্তিসহকারে পানি পান করলেন। তারপর আলী (রাঃ) এসে সেই বালতির কিনারায় ধরলেন। কিন্তু বালতি কাঁপতে শুরু করল এবং তা থেকে কিছু পানি ছিটে তাঁর শরীরে লাগল।[1] (৪) সবচেয়ে শক্তিশালী দলীল হচ্ছে এই চারজন খলীফার খেলাফতের ব্যাপারে উম্মতের আলেমদের ইজমা বা ঐকমত্য সংঘটিত হয়েছে। শুধু বিদ্যাতী ও গোমরাহ লোক ব্যতীত কেউ তাদের কারো খেলাফত অস্বীকার করতে পারে না।

## ফুটনোট

- [1] আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সুন্নাহ। ইমাম আলবানী হাদীছটিকে যঈফ বলেছেন।
- \*- স্বপ্নের ব্যাখ্যা হল উপরোক্ত সিরিয়াল অনুযায়ী পর্যায়ক্রমে আবু বকর উমার, উছমান ও আলী (রাঃ) খলীফা হবেন। বালতি হতে প্রত্যেকের কম বেশী পানি পান করা খেলাফতের সময়সীমার প্রমাণ বহন করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12025

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন